

PRINT

সমকাল

পাস করিয়ে দেওয়ার দাবি অকৃতকার্যদের

বুটেক্সে দিনভর অবরুদ্ধ উপাচার্য, শিক্ষক লাঞ্ছিত

১১ ষষ্ঠা আগস্ট

সমকাল প্রতিবেদক



চারটির বেশি বিষয়ে অকৃতকার্য হওয়ার পরও ওপরের শ্রেণিতে প্রমোশন ও ইন্টার্নশিপ করতে দেওয়ার সুযোগসহ সাতটি দাবিতে তেজগাঁও শিল্পাঞ্চলে অবস্থিত বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের (বুটেক্স) শিক্ষার্থীরা গতকাল বুধবার দিনভর উপাচার্য অধ্যাপক ইঞ্জিনিয়ার মাসউদ আহমেদকে অবরুদ্ধ করে রাখে। রাত ৮টায় এ প্রতিবেদন লেখার সময়েও শিক্ষার্থীরা তাকে অবরুদ্ধ করে রেখেছে। উপাচার্যের সঙ্গে তার দণ্ডের কর্মকর্তা-কর্মচারীসহ প্রায় ২৫ জন শিক্ষকও দিনভর অবরুদ্ধ রয়েছেন। একপর্যায়ে আন্দোলনরত শিক্ষার্থীরা বেশ কয়েকজন শিক্ষককে মারধরও করেছে।

বুটেক্সের সহকারী প্রস্তর শাকিরুল ইসলাম পিয়াস সমকালকে জানান, তাদের বিশ্ববিদ্যালয়ে চারটি বিষয়ে ফেল করলেও ওপরের শ্রেণিতে প্রমোশন দেওয়া হয়। তবে কিছু শিক্ষার্থী এর চেয়ে বেশি বিষয়ে অকৃতকার্য হয়েও ওপরের শ্রেণিতে প্রমোশন চাইছে। তারা এর সঙ্গে আরও কিছু অযৌক্তিক দাবি যুক্ত করে গতকাল বেলা ১১টা থেকে উপাচার্য, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের অবরুদ্ধ করে রাখে। পিয়াস জানান, অবরুদ্ধ কাউকেই দুপুরে থেতে পর্যন্ত দেওয়া হয়নি। এতে ডায়াবেটিসে আক্রান্ত বেশ কয়েকজন শিক্ষক অসুস্থ হয়ে পড়েন। অবরোধের সময় ভিসি কার্যালয়ের বিদ্যুৎ সংযোগও বন্ধ করে দেওয়া হয়। সন্ধ্যার পর পর পুরো এলাকা অন্ধকারে ঢেকে যায়। সন্ধ্যা ৭টার দিকে শিক্ষকদের জন্য বাইরে থেকে খাবার আনা হলে আন্দোলনরত শিক্ষার্থীরা সেগুলো কেড়ে নেয়। এতে উত্তেজনার সৃষ্টি হয়। এ সময় আন্দোলনকারীরা ছাত্র হলের প্রভোস্ট আরিফ ইকবালকে লাঞ্ছিত করে। অন্ধকারে বেশ কয়েকজন শিক্ষকের গায়েও হাত তোলা হয়। তাদের মারধর করা হয়।

বুটেক্সের শিক্ষকদের কয়েকজন জানান, এটা ছাত্রদের চরম অনৈতিকতা। তারা ফেল করার পরও পাস করিয়ে দেওয়ার দাবিতে দিনভর উপাচার্য ও শিক্ষকদের অবরুদ্ধ রেখেছে। শিক্ষকদের গায়ে হাত তুলেছে।

এ বিষয়ে উপাচার্য অধ্যাপক ইঞ্জিনিয়ার মাসউদ আহমেদকে ফোন করা হলে তিনি সমকালকে বলেন, কেউ কেউ ১১টিতেই ফেল করেও উত্তীর্ণ করিয়ে দেওয়ার দাবি করেছে।

